সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সঠিক পথে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০২/২০২১ — তারিখঃ ৩০ জুন, ২০২১

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, এলপিও, রাজশাহী
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা বন্টন প্রসংগে।

প্রিয় মহোদয়

ব্যাংকের সার্বিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আমানত সংগ্রহের গুরুত্ব অপরিসীম। বিশেষ করে ব্যাংকের বিনিয়োগ কার্যক্রম অব্যাহতভাবে ও সাবলীল গতিতে পরিচালনার জন্য আমানত সংগ্রহের বিকল্প নেই। স্বল্পসুদবাহী ও সুদবিহীন আমানত সংগ্রহপূর্বক সুপরিকল্পিতভাবে লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে মুনাফা অর্জন করাই ব্যাংকের মূল লক্ষ্য। বিগত বছরগুলোর সাফল্য ও ব্যর্থতা পর্যালোচনা, জোনগুলোর মধ্যে পারস্পরিক প্রতিযোগীতামূলক মনোভাব তৈরী ও শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে ব্যাংকের নতুন আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকা ধার্য করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা নতুন আমানত সংগ্রহের মাধ্যমে অর্জন করতে হবে অর্থাৎ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে আরোপিত সুদ বিবেচনায় আনা যাবে না। ২০২১-২০২২ অর্থবছরে জোন ভিত্তিক আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে বন্টন করা হলো:

২০২১-২০২২ অর্থবছরে জোনওয়ারী আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা

(কোটি টাকায়)

ক্রঃ নং	জোনের নাম	সুদবিহীন আমানত (২৫%)	স্বল্পসুদবাহী আমানত (৭৫%)	নতুন আমানত সংগ্রহের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা (১০০%)
১	২	৩	৪	৫ (৩+৪)
রাজশাহী বিভাগ				
০১।	রাজশাহী	৮.০০	২২.০০	৩০.০০
০২।	নওগাঁ	৮.০০	২২.০০	৩০.০০
০৩।	নাটোর	৫.০০	১৫.০০	২০.০০
০৪।	চাঁপাইনবাবগঞ্জ	৫.০০	১৫.০০	২০.০০
০৫।	বগুড়া (উত্তর)	৪.০০	১৪.০০	১৮.০০
০৬।	বগুড়া (দক্ষিণ)	৪.০০	১৪.০০	১৮.০০
০৭।	জয়পুরহাট	৪.০০	১৪.০০	১৮.০০
০৮।	পাবনা	৫.০০	১৫.০০	২০.০০
০৯।	সিরাজগঞ্জ	৫.০০	১৫.০০	২০.০০
	উপসমষ্টি:	**৪৮.০০**	**১৪৬.০০**	**১৯৪.০০**
রংপুর বিভাগ				
১০।	রংপুর	৭.০০	২০.০০	২৭.০০
১১।	গাইবান্ধা	৫.০০	১৩.০০	১৮.০০
১২।	কুড়িগ্রাম	৪.০০	১৩.০০	১৭.০০
১৩।	নীলফামারী	৪.০০	১১.০০	১৫.০০
১৪।	লালমনিরহাট	৩.০০	১০.০০	১৩.০০
১৫।	দিনাজপুর (উঃ)	৫.০০	১৫.০০	২০.০০
১৬।	দিনাজপুর (দঃ)	৫.০০	১৫.০০	২০.০০
১৭।	ঠাকুরগাঁও	৩.০০	১০.০০	১৩.০০
১৮।	পঞ্চগড়	৩.০০	১০.০০	১৩.০০
	উপসমষ্টি:	**৩৯.০০**	**১১৭.০০**	**১৫৬.০০**
১৯।	এলপিও	১০.০০	৩১.০০	৪১.০০
২০।	ঢাকা শাখা	২৮.০০	৮১.০০	১০৯.০০
	সর্বমোট:	**১২৫.০০**	**৩৭৫.০০**	**৫০০.০০**

ক্রমশ: পাতা-০২

০২। আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে পরিকল্পনা ও বাস্তবায় নির্দেশনা :

- ব্যাংক ব্যবসা পরিচালনার প্রধান চালিকা শক্তি (Lifeblood) আমানত। এই বিষয়টি মাথায় রেখে প্রতি কর্মদিবসে প্রতিটি কর্মকর্তা-কর্মচারীকে ১টি করে নতুন আমানত হিসাব খোলার কর্মসূচী অব্যাহত রাখতে হবে তন্মধ্যে প্রতিমাসে কমপক্ষে দুইটি আমানত স্কীম হিসাব খুলতে হবে ;
- আর্থিক অন্তর্ভুক্তির আওতায় স্কুল ব্যাংকিং হিসাব এবং ১০/- টাকার নতুন কৃষক হিসাব খোলা অব্যাহত রাখা ও লেনদেনে উদ্বুদ্ধ করা;
- সেপ্টেম্বর'২০২১ এবং জানুয়ারী'২০২২ মাসে পক্ষকালব্যাপী আমানত সংগ্রহ পক্ষ আয়োজন করা;
- ০১-০৩-২০২২ তারিখ হতে মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা আয়োজন করা;
- ঋণগ্রহীতাকে ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণগ্রহীতার নামে সংশ্লিষ্ট শাখায় আমানত হিসাব খোলা এবং ঋণগ্রহীতাকে উক্ত আমানত হিসাবের মাধ্যমে ঋণ বিতরণের বিষয়টি নিশ্চিত করা;
- মহিলা ও গৃহিণীদের আমানত হিসাব খোলার পদক্ষেপ নেয়া;
- প্রধান কার্যালয়ের প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীদের বছরে কমপক্ষে ২০টি আমানত হিসাব খোলা নিশ্চিত করা;
- আমানতের ভিত্তিকে সুদৃঢ় করার জন্য স্বল্প সুদবাহী বিশেষ করে সঞ্চয়ী আমানত (core deposit) সংগ্রহের উপর বেশী প্রাধান্য দেয়া;
- হাট-বাজারের ডাকের টাকা সংগ্রহকরণ;
- জেলা, উপজেলা এবং ইউনিয়ন পরিষদের অর্থ সংগ্রহকরণ;
- এলাকার স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আমানত হিসাব খোলা।

০৩। আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অন্যান্য নির্দেশনা :

- আমানত এমনভাবে সংগ্রহ করতে হবে যেন পর্যায়ক্রমে মোট আমানতের মধ্যে No cost ২৫% এবং low cost ৭৫% এ উন্নীত হয়;
- স্বল্প সুদবাহী বড় বড় আমানত সংগ্রহের পাশাপাশি অধিক হারে ক্ষুদ্র ক্ষুদ্র স্বল্প সুদবাহী আমানত সংগ্রহের মাধ্যমে স্বল্প ও অধিক সুদবাহী আমানতের ব্যবধান কমিয়ে আনতে হবে;
- ব্যাংকের সকল ঋণগ্রহিতাকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে হবে বিশেষ করে রাকাব দৈনিক লাভ হিসাব (RDP), "রাকাব বঙ্গবন্ধু বিশেষ মাসিক সঞ্চয় স্কীম (RBSMSS)", "রাকাব ডিপোজিট স্কিম (RDS)", "রাকাব ডাবল মানি স্কিম (RDMS)" এবং "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" ইত্যাদি আমানত সংগ্রহ অধিকতর জোরদার করতে হবে।

০৪। আমানত সংগ্রহ অভিযান জোরদারকরণ এবং লক্ষ্যমাত্রা অর্জনে দিক নির্দেশনা :

(১) আমানত সংগ্রহ পক্ষ পালন/আমানত হিসাব খোলার মেলা উদ্‌যাপন:

আমানত সংগ্রহের জন্য সেপ্টেম্বর ও জানুয়ারী মাসের ১৫ থেকে ৩০ তারিখ পর্যন্ত প্রতিবছর দুইবার আমানত সংগ্রহ পক্ষ পালন এবং প্রধান কার্যালয়ের ঘোষিত সিডিউল মোতাবেক ০১.০৩.২০২২ তারিখ হতে মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

(২) গ্রাহক সেবার মান উন্নয়ন:

গ্রাহকের সন্তুষ্টি বিধানই ব্যাংকের লক্ষ্য । আমানতকারীদের তাৎক্ষণিকভাবে উত্তম সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে সম্ভাব্য স্বল্পতম সময়ে চেক, ডিডি, এমটি, টিটি, পেমেন্ট অর্ডার RTGS, BEFTN ইত্যাদির টাকা প্রদান ও হিসাব বিবরণী প্রদানের ব্যবস্থা করা। গ্রাহক সেবার যে কোন অভিযোগ দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে।

(৩) আমানতকারী/সম্ভাব্য আমানতকারীদের সাথে ব্যক্তিগত যোগাযোগ:

প্রতিটি কার্যালয়/শাখাকে স্থানীয় ও তাঁদের আওতাধীন এলাকার ব্যবসায়ী, চাকুরীজীবী এবং ধনাঢ্য কৃষক এর এলাকা ভিত্তিক তালিকা প্রস্তুত করে তাঁদের সাথে নিয়মিত ব্যক্তিগত যোগাযোগ রক্ষাকরতঃ ফলাফল লিপিবদ্ধ করতে হবে। প্রতিটি কার্যালয়/শাখায় আমানত সংশ্লিষ্ট সকল পত্রালাপের জন্য একটি ''ডিপোজিট ডেভেলপমেন্ট ফাইল'' সংরক্ষণ করতে হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে পরিদর্শনকালে শাখা/কার্যালয়ের এ সম্পর্কিত কর্মকান্ডের উপর দৃষ্টি রাখতে হবে।

(৪) বিদেশে কর্মরতদের আমানত সংগ্রহ:

শাখা ব্যবস্থাপককে শাখার আওতাধীন এলাকায় বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের ইতোপূর্বে সংগৃহিত তালিকা হালনাগাদকরত: তাঁদের নিকট হতে আমানত সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

(৫) বিদেশী রেমিটেন্সের অর্থ স্বল্পতম সময়ে পরিশোধকরণ এবং আমানত হিসাব খোলা:

বিদেশী রেমিটেন্সের চেক, ডিডি, এ্যাডভাইস ইত্যাদির অর্থ কোন সংগত কারণ ছাড়া অতিদ্রুত প্রাপকের হিসাবে ক্রেডিট করে তাঁকে অবহিত করতে হবে। এক্ষেত্রে কোন গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। যে ক্ষেত্রে সরাসরি রেমিটেন্সের অর্থ প্রদান করা হয় সেক্ষেত্রে তাদের আমানত হিসাব খোলার ব্যবস্থা নিতে হবে।

ক্রমশ: পাতা-০৩

(৬) স্থিতি নিশ্চিতকরণ পত্র ইস্যু:

আমানতকারীদের নিকট ৩০ জুন ও ৩১ ডিসেম্বর তারিখের স্থিতি সম্পর্কিত স্থিতিপত্র জারী করে স্থিতি নিশ্চিতকরণ পত্র সংগ্রহ করতে হবে। ইহা গ্রাহক পরিচিতি (KYC) নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

(৭) সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে আমানত সংগ্রহ কার্যক্রমে সম্পৃক্তকরণ:

শাখা হতে শুরু করে প্রধান কার্যালয় পর্যন্ত সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। শাখায় আমানত সংগ্রহে সকলের অংশগ্রহণ ব্যাংকে একটি স্থিতিশীল আমানত ভিত্তি গড়ে তুলতে সহায়ক হবে। আমানত সংগ্রহের অগ্রগতি পর্যালোচনা করার জন্য প্রতিদিনের তথ্য প্রতিদিনেই MIS পদ্ধতিতে জোনাল কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে আপলোড করতে হবে। সকল শাখাকে প্রতি মাসে আমানত সংগ্রহের কর্মীভিত্তিক ও সার্বিক আমানতের একটা প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে প্রেরণ করতে হবে (এলপিও, রাজশাহী ও ঢাকা শাখা প্রতিবেদন সরাসরি মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট এ প্রেরণ করবে)। জোনাল কার্যালয়গুলো শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাকরতঃ পরিপালনপূর্বক ব্যবস্থা গ্রহণ করে শাখাওয়ারী একীভূত প্রতিবেদন ১০ তারিখের মধ্যে মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট এ প্রেরণ নিশ্চিত করবে। এছাড়াও প্রতিদিনের আমানত সংগ্রহের তথ্য শাখা হতে জোনাল কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।

(৮) নতুন আমানতের উপর গুরুত্বারোপ:

আমানত সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে শাখাসমূহকে নতুন হিসাব খোলার দিকে নজর দিতে হবে। বিশেষ করে যে পরিমাণ আমানত উত্তোলিত হবে ন্যূনতম সে পরিমাণ কম সুদবাহী আমানত সংগ্রহের মাধ্যমে তাৎক্ষণিকভাবে তা পূরণ করতে হবে। বছরের শুরুতেই বিভিন্ন স্কীমের যে সকল হিসাবের মেয়াদ পূর্তি হবে তা চিহ্নিত করতে হবে। একই সাথে সে সকল আমানত হিসাবের উত্তোলনযোগ্য টাকার সমপরিমাণ আমানত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। সেক্ষেত্রে স্থানীয় সরকারি প্রতিষ্ঠানের সাথে নিবিড় সম্পর্ক সৃষ্টি করে স্বল্প সুদবাহী আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। উল্লেখ্য সরকারি প্রতিষ্ঠানের ৫০% তহবিল সরকারী ব্যাংকে জমা রাখার নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে স্থানীয় সকল সরকারি প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের আমানত সংগ্রহে সর্বোচ্চ উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে ১৬.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের সার্বিক কর্মকান্ডের উপর পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক আমানত সংগ্রহের বিষয়ে গঠিত বিভিন্ন কমিটির সহযোগীতা গ্রহণ করতে হবে।

(৯) রাকাবের ঋণগ্রহিতাদের জন্য RBSMSS, RDS, RDMS, RMPS ও RDP আমানত হিসাব খোলা:

রাকাব দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের প্রত্যন্ত এলাকার সাধারণ কৃষক শ্রেণীসহ সর্বস্তরের জনগণের মাঝে ব্যাংকিং সেবা প্রদান করে থাকে। ফলে আমানত সংগ্রহের ক্ষেত্রে এ ব্যাংকের অপার সম্ভাবনা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যায় যে, রাকাব থেকে ঋণ গ্রহণকারী কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তাগণ বছরে ২/১ বার (ঋণ গ্রহণ ও পরিশোধকালে) ব্যাংক শাখায় আসেন। অপরদিকে মাঝারী ও বৃহৎ উদ্যোক্তাগণ রাকাব থেকে ঋণ গ্রহণ করলেও রাকাবের পরিবর্তে অন্য ব্যাংকে আমানত হিসাব পরিচালনা করে থাকেন। সার্বিক বিষয় পর্যালোচনায় আর্থিক অন্তর্ভূক্তির লক্ষ্যে ব্যাংকের ক্ষুদ্র ও মাঝারী ঋণগ্রহিতাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ে উদ্বুদ্ধ করে গ্রামীণ সঞ্চয়কে (Rural Deposit) উৎসাহিত করা অত্যন্ত জরুরী। সে বিবেচনায় রাকাব দৈনিক লাভ হিসাব (RDP), "রাকাব বঙ্গবন্ধু বিশেষ মাসিক সঞ্চয় স্কীম (RBSMSS)", "রাকাব ডিপোজিট স্কিম (RDS)", "রাকাব ডাবল মানি স্কিম (RDMS)" এবং "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" ইত্যাদি আমানত হিসাব খুলতে হবে।

(১০) আমানতকারীদের হয়রানি লাঘবকরণে সতর্কতা অবলম্বন:

লক্ষ্য করা যায় যে, অনেক শাখা ডিডি, টিটি, এমটি RTGS, BEFTN ইত্যাদি ইনস্ট্রুমেন্টে টেষ্ট নম্বর ও সঠিকভাবে অনুমোদিত স্বাক্ষর না দেয়া এবং ইস্যুকৃত ইনস্ট্রুমেন্ট যথাসময়ে প্রেরণ না করার ফলে গ্রাহকগণ হয়রানির শিকার হন। ফলশ্রুতিতে ঐ সকল গ্রাহক ব্যাংকের সাথে লেনদেনে নিরুৎসাহিত হয়ে উঠেন। অন্য ব্যাংকে আমানত হিসাব পরিচালনা করতে বাধ্য হন। এ বিষয়ে শাখাগুলোকে সতর্ক দৃষ্টি রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। ডিডি, টিটি, এমটি RTGS, BEFTN করার জন্য যে সকল নতুন গ্রাহক শাখায় আসেন তাদেরকে আমানত হিসাব খোলার জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে। Walk in customer এর ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

(১১) সিটিজেন চার্টার হালনাগাদকরণের মাধ্যমে সেবা প্রদান:

শাখায় রক্ষিত সিটিজেন চার্টারে উল্লেখিত সুদহার হালনাগাদ করতে হবে। গ্রাহকগণ সুদহারের বিষয়টি জানতে পারলে রাকাব দৈনিক লাভ হিসাব (RDP), "রাকাব বঙ্গবন্ধু বিশেষ মাসিক সঞ্চয় স্কীম (RBSMSS)", "রাকাব ডিপোজিট স্কিম (RDS)", "রাকাব ডাবল মানি স্কিম (RDMS)" এবং "রাকাব মাসিক মুনাফা স্কিম (RMPS)" ইত্যাদি আমানত হিসাব খুলতে উৎসাহী হবেন।

ক্রমশ: পাতা-০৪

০৫। জোনাল ব্যবস্থাপকগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের স্থানীয় পরিবেশ ও আমানত সংগ্রহের সম্ভাবনা বিবেচনায় নিয়ে প্রদত্ত লক্ষ্যমাত্রা আগামী ১০.০৭.২০২১ তারিখের মধ্যে বন্টন করে শাখাসমূহকে জানিয়ে দেবেন এবং বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি কপি ১২.০৭.২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট-এ প্রেরণ নিশ্চিত করবেন। আমানত সংগ্রহ সংক্রান্ত প্রচলিত নীতিমালা যথারীতি বহাল থাকবে। আমানত সংগ্রহের আনুপাতিক লক্ষ্যমাত্রা যাতে অর্জিত হয় সেই লক্ষ্যে বিভাগীয় মহাব্যবস্থাপক ও জোনাল ব্যবস্থাপকগণ যথোপযুক্ত ফলোআপ ব্যবস্থা জোরদার করবেন। উল্লেখ্য, আমানত হিসাব খোলার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির ক্ষেত্রে বিরূপ প্রভাব পড়বে।

০৬। উপরোক্ত বিষয়াদি যথাযথভাবে পরিপালনপূর্বক ২০২১-২০২২ অর্থবছরে নতুন করে ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকা আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

০৭। শাখা পর্যায়ে ভগ্নাংশ লক্ষ্যমাত্রা বন্টন না করার জন্য জোনাল ব্যবস্থাপককে বিশেষভাবে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত

৩০/০৬/২০২১

(মোঃ মহববত আলী বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৮(৫)/২০২০-২০২১/৩৩৬৩(৪০৩)/৫৭ তারিখ : ৩০ জুন , ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১১। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১২। অফিস নথি/মহানথি।

৩০/০৬/২০২১

(মোঃ ফারুক আহমেদ)
কর্মকর্তা